তারিখ ..29 JAN 2016......
পৃষ্ঠা ...2... কলাম...৩.......

দৈনিক ইত্তেফাক

# বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ঘোষণা

■ ইত্তেফাক রিপোর্ট

২০১৫ সালের বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ঘোষণা করা হয়েছে। এ বছর বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার পেয়েছেন সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখা ১১ জন বিশিষ্ট কবি, লেখক ও গবেষক। বৃহস্পতিবার একাডেমির সভাকক্ষে পৃষ্ঠা ২ কলাম ১

## বাংলা একাডেমি

২০ পৃষ্ঠার পর

আয়োজিত সংবাদ সম্মেলনে পুরস্কারপ্রাপ্তদের নাম ঘোষণা করেন বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান।

এবারের পুরস্কারপ্রাপ্তরা হচ্ছেন- কবিতায় আলতাফ হোসেন, কথাসাহিত্যে শাহীন আখতার, প্রবন্ধে যৌথভাবে আবুল মোমেন ও বাংলাদেশ ব্যাংকের গভর্নর আতিউর রহমান, গবেষণায় অধ্যাপক মনিরুজ্জামান, অনুবাদে আবদুস সেলিম, মুক্তিযুদ্ধভিত্তিক সাহিত্যে তাজুল মোহাম্মদ, আত্মজীবনী/স্মৃতিকথা/ভ্রমণ সাহিত্যে সাবেক পররাষ্ট্র সচিব ফারুক চৌধুরী, নাটকে মাসুম রেজা, বিজ্ঞান-প্রযুক্তি ও পরিবেশ বিভাগে শরীফ খান এবং শিশুসাহিত্যে সুজন বড়ুয়া। বিজয়ীদের প্রত্যেককে এক লাখ টাকা, ক্রেস্ট ও সনদপত্র প্রদান করা হবে। পহেলা ফেব্রুয়ারি অমর একুশে গ্রন্থমেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাদের হাতে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার তুলে দেবেন।

বাংলা একাডেমির কার্যনির্বাহী পরিষদ এ বছরের সেরাদের অনুমোদন করেন। অধ্যাপক ড. হায়াৎ মামুদের সভাপতিত্বে পাঁচ সদস্যের বিচারকমণ্ডলীর সদস্য ছিলেন প্রাবন্ধিক সৈয়দ আবুল মকসুদ, নাট্যজন রামেন্দু মজুমদার, সঙ্গীতজ্ঞ ড. করুণাময় গোস্বামী ও অধ্যাপক ফখরুল আলম। পুরস্কার ঘোষণার সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন একাডেমির সচিব মো. আনোয়ার হোসেন, পরিচালক শাহিদা খাতুন, মোহাম্মদ আবদুল হাই, ড. জালাল আহমেদ প্রমুখ।